

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৮৩৪

আগরতলা, ২১ মার্চ, ২০১৮।

মুখ্যমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করলেন
এ ডি সি'র মুখ্য কার্যনির্বাহী সদস্য

ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের মুখ্য কার্যনির্বাহী সদস্য রাধাচরণ দেববর্মার নেতৃত্বে এ ডি সি'র পরিষদীয় দল আজ সন্ধ্যায় মহাকরণে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবের সাথে সৌজন্যমূলক সাক্ষাতে মিলিত হয়। সাক্ষাৎকারের সময় প্রতিনিধিগণ ফুলের তোড়া এবং রিসা পরিয়ে মুখ্যমন্ত্রীকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। সাক্ষাৎকারের সময় মুখ্যমন্ত্রী শ্রী দেব এ ডি সি প্রশাসনের বিভিন্ন বিষয়ে প্রতিনিধিদের সঙ্গে আলোচনা করে খোঁজ খবর নেন। সাক্ষাৎকালে এ ডি সি'র মুখ্য কার্যনির্বাহী আধিকারিকও উপস্থিত ছিলেন।
